

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সাভেইল্যান্স/মুখপত্র(৫ম খন্ড)/২০১৯/৩৭৪

তারিখ:

২১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ

০৪ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮৭১ তম কমিশন সভা অদ্য ০৪/০৬/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীগণ তথা বিও হিসাবধারীরা তাদের সংশ্লিষ্ট স্টক ব্রোকারের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের ট্রেজারী বন্ডের প্রাইমারী অকশনে যেন অংশগ্রহণ করতে পারেন সে বিষয়ে সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে (বাংলাদেশ ব্যাংক, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি, সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড) আলোচনা এবং পারস্পরিক সমঝোতার মাধ্যমে একটি প্রসেস ফ্লো এবং নির্দেশনা প্রস্তুত করা হয় যা অত্র কমিশন সভায় অনুমোদন করা হয়েছে।

ফলে সাধারণ বিনিয়োগকারীগণ প্রাইমারী অকশনে ১ লক্ষ টাকা বা উহার গুণিতক মূল্যের ট্রেজারী বন্ড ক্রয় করতে পারবেন। এতে পুঁজিবাজারে ট্রেজারী বন্ড বা সরকারি সিকিউরিটিজের যোগান বৃদ্ধি পাবে এবং সেকেন্ডারী মার্কেটেও উক্ত সিকিউরিটিজের লেনদেন বৃদ্ধির মাধ্যমে একটি প্রাণবন্ত বন্ডমার্কেট গড়ে উঠবে।

R. Islam
04-06-2023
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র